



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন-১ অধিশাখা



অর্থ বিভাগের সিটিজেন চার্টার বাস্তবায়নে গঠিত পরিবীক্ষণ কমিটির
ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২২) সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: সাইদুর রহমান
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)
তারিখ ও সময় : ২৭ মার্চ, ২০২২ খ্রি:, সকাল ১১.০০ টা
স্থান : অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের অফিসকক্ষ
(কক্ষ নং ১৬০৩, ১৬তলা, ভবন নং-১১)

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা নিম্নে প্রদান করা হলো:

- (১) জনাব আবু দাইয়ান মোহম্মদ আহসানউল্লাহ, উপসচিব (সাম-পূর্বাভাস), অর্থ বিভাগ।
- (২) জনাব মনির হোসেন চৌধুরী, উপসচিব (প্রশাসন-২), অর্থ বিভাগ।
- (৩) জনাব সারোয়ার আহমেদ সালেহীন, উপসচিব (প্রশাসন-৪) ও সদস্য সচিব, অর্থ বিভাগ।
- (৪) জনাব মো: আবুল বাসার, সহকারী প্রোগ্রামার, এফএসএমইউ, অর্থ বিভাগ।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টার গত ১৪/০৩/২০২২ খ্রি: তারিখে হালনাগাদ করা হয়েছে। এটি প্রতি তিন মাস অন্তর হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম) মহোদয়ের নির্দেশনা অনুযায়ী সিটিজেন চার্টারে উল্লেখিত যে সকল সেবার বিপরীতে মাত্রাতিরিক্ত সময় দেয়া হয়েছে সে বিষয়ে আলোচনা করতে গিয়ে তিনি বলেন এ বিষয়ে সংশ্লিষ্ট অনুবিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট ইউ,ও নোট প্রেরণসহ সেবার মান যাতে আরো উন্নত করা যায় সে বিষয়ে অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, অর্থ বিভাগের সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির পরবর্তী সভা থেকে হিসাব মহা নিয়ন্ত্রক কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধিকে অংশগ্রহণ করার ওপর গুরুত্ব প্রদান করেন।


৩। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব সারোয়ার আহমেদ সালেহীন অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, অর্থ বিভাগের সিটিজেন চার্টার প্রতি তিনমাস অন্তর হালনাগাদ করা হচ্ছে এবং সংশ্লিষ্ট সেবার বিপরীতে হাইপার লিংকও প্রদান করা হয়েছে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। উপস্থাপিত ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদকৃত (জানুয়ারি-মার্চ, ২০২২) সিটিজেন চার্টারটি পরীক্ষা নিরীক্ষা করা হয়।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

৪। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

- ৪.১। সিটিজেন চার্টারে উল্লেখিত যেসকল সেবাসমূহের বিপরীতে মাত্রাতিরিক্ত সময় নির্ধারণ করা হয়েছে সেগুলো কমিয়ে আনার জন্য সংশ্লিষ্ট অনুবিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট ইউ,ও নোট প্রেরণ করতে হবে।
(বাস্তবায়নে-উপসচিব ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি)।
- ৪.২। প্রতি তিন মাস অন্তর হালনাগাদকৃত সিটিজেন চার্টার এবং পরিবীক্ষণ কমিটির কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
(বাস্তবায়নে-উপসচিব ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি)।
- ৪.৩। অর্থ বিভাগের সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির আগামী সভা থেকে হিসাব মহা নিয়ন্ত্রক (সিজিএ) এর কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধিকে (৫ম গ্রেডের নিচে নয়) উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(বাস্তবায়নে-উপসচিব ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি)।

৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: সাইদুর রহমান)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-০৭.০০.০০০০.০৮১.৩৬.০০৭.২০. ১০৯

তারিখ ২৮/০৩/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আ: উপসচিব/সিনিয়র সহকারী সচিব, সুশাসন শাখা, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড)
- ২। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা/বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা, অর্থ বিভাগ।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
- ৫। সভায় উপস্থিত কর্মকর্তা....., অর্থ বিভাগ।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ।
(সেবা গ্রহীতাদের অবহিতকরণের জন্য অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
- ৮। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।


(সারেয়ার আহমেদ মাহেদীন)
উপসচিব ও ফোকাল পয়েন্ট
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
ফোন : ২২৩৩৫৫০৩৭